

জীবনে আজ কি প্রথম এল বসন্ত ।

নবীনবাসনাভরে হৃদয় কেমন করে,

নবীন জীবনে হল জীবন্ত ।

সুখভরা এ ধরায় মন বাহিরিতে চায়,

কাহারে বসাতে চায় হৃদয়ে ।

তাহারে খুঁজিব দিকদিগন্ত ॥

যেমন দখিনে বায়ু ছুটেছে, না জানি কোথায় ফুল ফুটেছে,

তেমনি আমিও, সখী যাব— না জানি কোথায় দেখা পাব ।

কার সুধাস্বর-মাঝে, জগতের গীত বাজে,

প্রভাত জাগিছে কার নয়নে,

কাহার প্রাণের প্রেম অনন্ত

তাহারে খুঁজিব দিকদিগন্ত ॥

---

Parjaay: Prem / Mayar-Khela, Taal: Kaharwa, Raag: Kanara

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail